

## আন-নায়ি'আত | An-Nazi'at | النَّازِعَات

আয়াতঃ ৭৯ : ২৭

### আরবি মূল আয়াত:

﴿ ۲۷ ﴾  
إِنْتُمْ أَشَدُّ خَلْقًا أَمِ السَّمَاءُ ۖ ۖ بَنَهَا

### অনুবাদসমূহ:

তোমাদেরকে সৃষ্টি করা অধিক কঠিন, না আসমান সৃষ্টি? তিনি তা বানিয়েছেন। — আল-বায়ান

তোমাদের সৃষ্টি বেশি কঠিন না আকাশের? তিনি তো সেটা সৃষ্টি করেছেন। — তাইসিরুল

তোমাদেরকে সৃষ্টি করা কঠিনতর, না আকাশ সৃষ্টি? তিনিই এটা নির্মাণ করেছেন। — মুজিবুর রহমান

Are you a more difficult creation or is the heaven? Allah constructed it. —  
Sahih International

২৭. তোমাদেরকে(১) সৃষ্টি করা কঠিন, না আসমান সৃষ্টি? তিনিই তা নির্মাণ করেছেন(২);

(১) কিয়ামত ও মৃত্যুর পরের জীবন যে সম্ভব এবং তা যে সৃষ্টি জগতের পরিবেশ পরিস্থিতির যুক্তিসংগত দাবী একথার মৌলিকতা এখানে পেশ করা হয়েছে। [ইবন কাসীর]

(২) এখানে মরে মাটিতে পরিণত হওয়ার পর পুনরুজ্জীবন কিরণে হবে, কাফেরদের এই বিস্ময়ের জওয়াব দেওয়া হয়েছে। এখানে সৃষ্টি করা মানে দ্বিতীয়বার মানুষ সৃষ্টি করা। মৃত্যুর পরের জীবন সম্পর্কে এই যুক্তিটি কুরআনের বিভিন্ন স্থানে পেশ করা হয়েছে। যেমন অন্যত্র বলা হয়েছে: “আর যিনি আকাশ ও পৃথিবী তৈরি করেছেন, তিনি কি এই ধরনের জিনিসগুলোকে (পুনর্বার) সৃষ্টি করার ক্ষমতা রাখেন না? কেন নয়? তিনি তো মহাপরাক্রমশালী স্বৰ্গ। সৃষ্টি করার কাজ তিনি খুব ভালো করেই জানেন।” [সূরা ইয়াসীন: ৮১] অন্যত্র আরও বলা হয়েছে: “অবশ্যি আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টি করা মানুষ সৃষ্টির চাইতে অনেক বেশী বড় কাজ। কিন্তু অধিকাংশ লোক জানে না। [সূরা গাফির: ৫৭ আয়াত] [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

২৭। তোমাদেরকে সৃষ্টি করা কঠিনতর, না আকাশ? [১] যা তিনি নির্মাণ করেছেন।

[১] এই আয়াতে মক্কার কাফেরদেরকে সম্বোধন করা হয়েছে। উদ্দেশ্য হল এই ধরমক দেওয়া যে, যে আল্লাহ এত বড় আসমান এবং তার আশ্চর্যজনক বস্তুকে সৃষ্টি করতে পেরেছেন, তাঁর জন্য কি পুনর্বার মানুষকে জীবিত করা অসম্ভব কাজ?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5739>

৬ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন